## Rapid Mortality Mobile Phone Surveys (RAMMPS) in Bangladesh

In the developed world estimates of excess mortality are typically derived from civil registration and vital statistics (CRVS) systems, and the generated data are always being in use for the population health and economic development and also in disaster management. But in low and lower-middle income countries (LLMICs) these are often absent or inadequate to fulfil data needs resulting in delays in various development of the population in those countries. During the pandemics these insufficiencies prolongs the sufferings of the people in those countries. Therefore, it is imperative to develop methods and tools for measuring excess mortality in LMICs. **Rapid Mortality Mobile Phone Surveys (RAMMPS)** are a viable approach to safely generating timely (excess) mortality data in settings where suitable alternatives are lacking. Owing to the expansion of mobile phone use, mobile phone surveys have become highly popular in LLMICs but have not yet been used for mortality surveillance. Further, surveys can be conducted without in-person contact with respondents, which makes them particularly suitable for settings affected by epidemics or humanitarian crises where the mobility of interviewers may be restricted.

IEDCR through this protocol is partnering with the Johns Hopkins Bloomberg School of Public Health, London School of Hygiene and Tropical Medicine to implement Rapid Mortality Mobile Phone Surveys (RAMMPS) in a nationally representative stratified adult (18 years of age or older) population in Bangladesh. This project will utilize a standard core questionnaire and be administered through random digit dialing using the IEDCR call center. We will conduct interviews for five to six months, and will collect 25,000 complete surveys. Establishing RAMMPS methods and tools is of importance beyond the measurement of (excess) COVID-19 mortality. In the long run, RAMMPS may have applications in existing mortality surveillance systems and household surveys, where they might serve as a cheaper alternative or complement to face-to-face interviews. Further, RAMMPS may serve as a temporary solution for generating mortality estimates in settings where face-to-face data collection is interrupted or hindered. Bill and Melinda Gates Foundation and Unicef America are providing the financial support for this project.

For further information on this ongoing survey, you may contact:
Dr Sudipta Sarker - +880 1749583311
Dr Mahbubur Rahman - +880 1712044103
Dr Iqbal Ansary Khan - +880 1730328994

## র‍্যাপিড মর্টালিটি মোবাইল ফোন সার্ভে (র‍্যাম্পস্)

জন্ম-মৃত্যুর রিপোর্টিং, রেজিস্ট্রেশন, তথ্য সংরক্ষণ একটি দেশের স্বাস্থ্য, জনসংখ্যা আর অর্থনীতি বিষয়ক উপাত্তের একটি অতি আবশ্যকীয় অংশ যার বিশ্লেষণ রাষ্ট্র ও জনগণের উন্নয়নে উন্নত বিশ্বে বহু বছর ধরে ব্যবহৃত হয়ে আসছে। ফলে ওইসব দেশে স্বাভাবিক সময়ে সিভিল রেজিস্ট্রেশন এবং জন্ম-মৃত্যুর পরিসংখ্যান এর মাধ্যমে যেসব তথ্যাদি পাওয়া যায় অতিমারির সময়েও তা ব্যবহার করে অতিরিক্ত মৃত্যুর তথ্যাদি পাওয়া যায় এবং তা ব্যবহারের মাধ্যমে তাৎক্ষণিক ব্যবস্থা নেয়া যায়। কিন্তু স্বল্পোন্নত দেশগুলোতে এই সকল ব্যবস্থাপনার অপ্রতুলতার কারণে দুর্যোগ ব্যবস্থাপনায় তথ্যাদি ব্যবহার সম্ভব হয় না এবং দুর্বল ব্যবস্থাপনার কারণে দুর্যোগ ব্যবস্থাপনা বিলম্বিত হয় এবং জনগণের দুর্ভোগ প্রলম্বিত হয়। তাই, নিম্ন-মধ্যম আয়ের দেশগুলিতে মৃত্যুহার পরিমাপের জন্য এই পরিসংখ্যান পদ্ধতির সমপ্রসারণ অপরিহার্য।

স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশেও একই সমস্যা বিরাজমান। ভাইটাল স্ট্যাটিসটিকস রেজিস্ট্রেশন ব্যবস্থাপনা বাংলাদেশে এখনও কার্যকর ভাবে গড়ে ওঠেনি, সকল প্রাইভেট এবং পাবলিক স্বাস্থ্য ব্যবস্থাপনা প্রতিষ্ঠানগুলো এখনো কার্যকরভাবে জন্ম-মৃত্যুর রিপোর্টিং চালু করেনি, আর বাড়িতে মৃত্যুর তথ্য তো বেশিরভাগ সময়ই অজানা রয়ে যায়। আর এই কোভিড-১৯ অতিমারির সময়ে অপ্রতুল পরীক্ষা ব্যবস্থার কারণে কোভিড-১৯ -এর কারণে মৃত্যুর তথ্য অসম্পূর্ণ রয়ে গেছে। এই সমস্যার সমাধানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) " র‍্যাপিড মর্টালিটি মোবাইল ফোন সার্ভে (র‍্যাম্পস্), বাংলাদেশ " নামে একটি গবেষণা কার্যক্রম শুরু করতে যাচ্ছে যার মাধ্যমে এই অতিমারির সময়ে কোভিড-১৯ -এর কারণে অতিরিক্ত মৃত্যুর পরিমান সম্পর্কে একটি ধারণা পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে। এ কার্যক্রম সফল হলে তা গুরুত্বপূর্ণ অন্যান্য রোগের ক্ষেত্রেও ব্যবহার করা যেতে পারে। এই কার্যক্রমে আইইডিসিআর এর মোবাইল ফোন সার্ভেইল্যান্স ব্যবস্থাপনাকে কাজে লাগানো হবে যা বাংলাদেশে ২০১২ সাল থেকেই স্বাস্থ্য সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহ করে জনগণের স্বাস্থ্য ব্যবস্থাপনা উন্নয়নে ব্যবহার করা হচ্ছে।

বর্তমানে বাংলাদেশে মোবাইল ফোন মোটামুটি সহজলভ্য হয়ে ওঠার কারণে একেবারে প্রত্যন্ত অঞ্চলেও ঘরে ঘরে মোবাইল ফোন ব্যবহৃত হচ্ছে। দ্রুত মৃত্যুহার নিরুপনের জন্য মোবাইল ফোন সার্ভে সময়মত (অতিরিক্ত) মৃত্যুর সংখ্যা গণনার জন্য একটি কার্যকর পদ্ধতি। তবে মৃত্যুহার নজরদারির জন্য এটা এখনও তেমন ব্যবহৃত হয়নি। উপরন্তু, উত্তরদাতাদের সামনাসামনি উপস্থিতি ছাড়াই মোবাইল ফোন সার্ভে পরিচালিত হতে পারে, ফলে মহামারী বা মানবিক সংকটের সময় এটি একটি নিরাপদ কার্যকরী পদ্ধতি হিসেবে বিশেষ ভূমিকা রাখতে পারে। এই অতিমারির সময়ে চলাচলের প্রতিবন্ধকতার কারণে আইইডিসিআর স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন তথ্য মোবাইল ফোন সার্ভের মাধ্যমে সংগ্রহ করে বিভিন্ন স্বাস্থ্য সমস্যা মোকাবেলায় ব্যবহার করছিল। এরই ধারাবাহিকতায় আগামী পাঁচ থেকে ছয় মাস সময়ের মধ্যে র‍্যাম্পস্ কার্যক্রমের মাধ্যমে আইইডিসিআর র‍্যানডম ডিজিট ডায়ালিং পদ্ধতিতে বাংলাদেশের বিভিন্ন এলাকার মানুষের কাছে ফোন করে কোভিড-১৯ পূর্ব এবং পরবর্তী সময়ে মৃত্যুর তথ্যাদি আনার চেষ্টা করবে। পরবর্তীতে আনীত তথ্যাদি এবং অন্যান্য গবেষণালব্ধ তথ্য বিশ্লেষণ করে কোভিড সময়ের অতিরিক্ত মৃত্যুর হিসাব বের করার চেষ্টা করা হবে। আইইডিসিআর সেল-ফোনের মাধ্যমে ওই সময়ে প্রতিমাসে নির্ধারিত

বয়স, লিঙ্গ এবং বাসস্থান ভেদে সারা দেশ থেকে প্রায় পাঁচ হাজার করে মোট পচিশ হাজার প্রপ্তবয়স্ক মানুষের কাছ থেকে প্রয়োজনীয় তথ্যাদি আনার চেষ্টা করবে।

এই কার্যক্রমের মূল উদ্দেশ্য হচ্ছে, সেল-ফোনের মাধ্যমে এই অতিমারির সময়ে জরিপ পরিচালনা করে মৃত্যুর তথ্যাদি আনা এবং অতিরিক্ত মৃত্যুর সংখ্যা নিরুপন করা যায় কিনা তার সম্ভাব্যতা যাঁচাই করা। এই কার্যক্রমে আইইডিসিআরের গবেষণা সহযোগীরা হচ্ছে জন্‌স্‌ হপকিন্স ব্লুমবার্গ স্কুল অফ পাবলিক হেলথ এবং লন্ডন স্কুল অফ হাইজিন এন্ড ট্রপিক্যাল মেডিসিন। গবেষণায় অর্থায়ন করছে বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন এবং ইউনিসেফ আমেরিকা।

**চলমান এই জরিপ সম্পর্কে আরও জানতে নিম্নের নাম্বার সমূহে যোগাযোগ করা যেতে পারে-**

**ডাঃ সুদিপ্তা সরকার** - +880 1749583311
**ডাঃ মাহবুবুর রহমান** - +880 1712044103
**ডাঃ ইকবাল আনসারী খান** - +880 1730328994